

Ex/BNG/PG/1.51/2025

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি জি - ১.৫১ (ঐচ্ছিক)

বিষয় : ভাষাবিজ্ঞান

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

১। উনিশ শতকের পূর্বে তুলনামূলক-ঐতিহাসিক ভাষাচর্চার স্বরূপটি সংক্ষেপে বর্ণনা করো। উনিশ শতকের প্রথমার্ধে এই ধারার ভাষাচর্চায় নতুন যে বৈশিষ্ট্যগুলি বিকশিত হল সেগুলির পরিচয় দাও। ১০

(অথবা)

২। গ্রিমের সূত্রটি দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ভের্নারের সূত্র কীভাবে গ্রিমের সূত্রের ব্যতিক্রমকে ব্যাখ্যা করল দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও। ভাষাচর্চার ইতিহাসে এই সূত্রগুলোর তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করো।

৫+৩+২=১০

(অথবা)

৩। সাধারণ ভাষাতত্ত্ব (general linguistics) বলতে কী বোঝ? উনিশ শতকের প্রথম পর্বে সাধারণ ভাষাতত্ত্বের বিকাশে উইলিয়াম ফন হুমবোল্টের ভূমিকা আলোচনা করো। ২+৮=১০

৪। বাংলা ধ্বনির উচ্চারণে অবিভাজ্য ধ্বনির প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

BNG-1413

[Turn Over]

(২)

(অথবা)

৫। IPA দ্বারা নিম্নলিখিত অংশের লিপ্যন্তর করো : ১০
সবাই হাসতে লাগল। আসলে ভেক্ট একটা ছোটোখাটো বিপ্লবই করে ফেলেছে। ওদের বাড়িতে পাঁচ শরিকের ডালপালার সবার সঙ্গে সবাইকার ভালো সম্পর্ক নেই। ফলে অত বড় সেকালের বাড়ি, তার সেগুন কাঠের জানালা দরজা, পাথরের মেঝে, বাথটবঅলা বড়-বড় বাথরুম নিয়ে অবহেলিত পড়েছিল। কার্নিশ থেকে গজিয়েছে বিশাল বটগাছ। ছাতের পাঁচিলের ফাঁকে তো রীতিমত একটা ডুমুর গাছ। তাতে কষা কষা ডুমুর ফলে।

(অথবা)

(দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

৬। হার্ভার্ড ফিচারস অনুযায়ী ধ্বনির স্বলক্ষণগুলির বর্ণীকরণ করো। ১০

৭। দৃষ্টান্তসহ দলের সাংগঠনিক বৈশিষ্ট্যের আলোচনা করো। দ্বিস্বরকেন্দ্রিক বাংলা দলের সাংগঠনিক বৈচিত্র্য দৃষ্টান্তসহ বর্ণনা করো। ৪+৬=১০

(অথবা)

৮। বাংলা দ্বিস্বরের নিজস্ব বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। বাংলা দ্বিস্বরে পূর্ণস্বর ও অর্ধস্বরের বিন্যাস দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮=১০

(অথবা)

৯। দলের ধারণা দ্বারা যুক্তব্যঞ্জনের গঠনকে ব্যাখ্যা করো। দলাদি ও দলমধ্য অবস্থানে বাংলা সংযুক্ত ব্যঞ্জনের সাংগঠনিক বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮=১০

★ ★ ★

BNG-1413

XX24(113)—65